

## বিশেষ অনুশীলন (২)-২০২০

শ্রেণি : পঞ্চম

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময় : ১ ঘণ্টা ১৫ মিনিট

পূর্ণমান : ৫০

১। সংক্ষেপে উত্তর লেখ :-

২ × ৬ = ১২

- ক) মানব পাচার বলতে কী বোঝায়?  
খ) শিশুদের মানবাধিকার লঙ্ঘন হয় এমন দুটি কাজের নাম লিখ।  
গ) শ্রেণিতে গণতান্ত্রিক আচরণের দুটি উদাহরণ দাও।  
ঘ) গণতান্ত্রিক উপায়ে সিদ্ধান্ত গ্রহণের দুটি ভালো দিক লেখ।  
ঙ) গারো নৃ-গোষ্ঠীর সমাজ ব্যবস্থা কেমন?  
চ) জলবায়ু বলতে কী বোঝায়?

২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর :-

১ × ১০ = ১০

- ক) ----- সালে ঘূর্ণিঝড় আইলা হয়েছিল।  
খ) ২০৫০ সালের মধ্যে বাংলাদেশের ----- শতাংশ এলাকা সমুদ্রে তলিয়ে যেতে পারে।  
গ) ----- সালের ২৫শে এপ্রিল নেপালে ভূমিকম্প হয়েছিল।  
ঘ) বাংলাদেশে ----- বছরের কম বয়সী শিশুদের জন্য শ্রম বেআইনি।  
ঙ) অটিস্টিক শিশু ----- ভাবে সম্পূর্ণ সুস্থ।  
চ) মানুষ জন্মগতভাবে-----।  
ছ) গণতন্ত্র অর্থ -----।  
জ) রাজনৈতিকভাবে বাংলাদেশ একটি ----- রাষ্ট্র।  
ঝ) গারোদের নিজস্ব ভাষার নাম -----।  
ঞ) বাংলাদেশের ----- বিভাগের বিভিন্ন এলাকায় খাসি জনগোষ্ঠী বাস করে।

৩। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশের মিল করে উত্তরপত্রে লেখ :-

২ × ৫ = ১০

বাম অংশ	ডান অংশ
(ক) চাকরির ক্ষেত্রে পিছিয়ে থাকে	(i) গণতান্ত্রিক আচরণ করব।
(খ) আইনের চোখে	(ii) পিতৃতান্ত্রিক।
(গ) আমরা খেলার মাঠে	(iii) ছেলেরা।
(ঘ) অন্যের মতামতকে	(iv) সবাই সমান।
(ঙ) গারো সমাজ হলো	(v) মেয়েরা।
	(vi) মাতৃতান্ত্রিক।
	(vii) সম্মান করা উচিত।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

- ক) অটিস্টিক শিশু কাদেরকে বলে? অটিস্টিক শিশুর চারটি বৈশিষ্ট্য লেখ। ২+৪  
খ) গণতান্ত্রিক মনোভাব বলতে কী বোঝায়? তোমার পাড়ায় গণতন্ত্রের চর্চা করার চারটি প্রয়োজনীয়তা লেখ। ২+৪  
গ) দুর্যোগের তিনটি করে প্রাকৃতিক ও মানবসৃষ্ট কারণ লেখ। ৩+৩